

● জনাব এস এম এ করিম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা(২য় শ্রেণি), হরিপুর, ঠাকুরগাঁও (প্রাক্তন  
লোহাগড়া, নড়াইল) এর নামে রুজুকত ০৮/২০২১ নং মামলার আদেশ।

অদ্য ধার্য তারিখ। তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। অভিযুক্ত প্রাক্তন প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লোহাগড়া, নড়াইল জনাব এস এম এ করিম (২য় শ্রেণি) এর বিরুদ্ধে অভিযোগ তিনি কর্তৃপক্ষের বিনা অনুমোদিত অফিসের গুরুত্বপূর্ণ কাগজপত্র পুড়িয়েছেন যার কোন রেজিস্টার সংরক্ষণ করেন নাই। তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(ঙ) এর নাশকতার অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। অভিযোগের মা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। শুনানী অন্তে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা প্রতিবেদনে উল্লেখ করেছেন অভিযুক্ত কর্মকর্তা জনাব এস এম এ করিম নড়াইল জেলার লোহাগড়া উপজেলায় কর্মরত থাকাকালীন দরপত্রের সিডিউল বিক্রয় সংক্রান্ত নথিপত্র পুড়িয়েছেন তা সন্দেহাতীতভাবে প্রমানিত হয়েছে। বিধায় জনাব এস এম এ করিম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বর্তমানে হরিপুর, ঠাকুরগাঁও প্রাক্তন নড়াইল জেলার লোহাগড়া কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ০৩(ঙ) ধারায় দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২) এর (খ) ধারা মতে লঘুদন্ড হিসেবে তিনটি বার্ষিক বর্ধিত বেতন তিন বৎসরের জন্য স্থগিত করা হলো।

স্বাক্ষরিত/  
১৫.০৯.২০২১  
(মোঃ আতিকুল হক)  
মহাপরিচালক


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
প্রশাসন-১ অধিশাখা  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন  
৯২-৯৩, মহাখালী, ঢাকা-১২১২।  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

স্মারক নং- ৫১.০১.০০০০. ০০৩.১৮.৬০১.১২. ৪৪৭

তারিখঃ ১৭.১০.২০২১খ্রি।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৩। জেলাপ্রশাসক, নড়াইল/ঠাকুরগাঁও।
- ০৪। উপপরিচালক (বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, লোহাগড়া, নড়াইল / হরিপুর, ঠাকুরগাঁও।
- ০৮। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নড়াইল/ঠাকুরগাঁও।
- ০৯। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, নড়াইল/ঠাকুরগাঁও।
- ১০। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, লোহাগড়া, নড়াইল / হরিপুর, ঠাকুরগাঁও।
- ১১। জনাব এস এম এ করিম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও (প্রাক্তন লোহাগড়া, নড়াইল)
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

  
১৭.১০.২০২১

(ড.মোঃ হাবিব উল্লাহ বাহার)  
(উপসচিব)

উপপরিচালক (প্রশাসন-১)  
ফোন-৯৮৬১৩৬০

  
১৭/১০/২০২১